

‘কারাগারগুলোয় স্বাস্থ্যসেবার মান দিন দিন কমছে’

✻ সমকাল প্রতিবেদক

‘কারাবন্দি মাদক ব্যবহারকারীদের মধ্যে এইচআইভি ও মাদক ঝুঁকি হ্রাসকরণ’ শীর্ষক এক জাতীয় প্রশিক্ষণ কর্মশালায় বক্তারা বলেছেন, দেশের কারাগারগুলোতে ধারণ ক্ষমতার ৩ গুণ বেশি বন্দি থাকায় স্বাস্থ্যসেবার মান দিন দিন কমে যাচ্ছে। বেড়ে যাচ্ছে মাদক ব্যবহারের মাত্রা। এইচআইভিসহ নানা ব্যাধিতে আক্রান্ত হচ্ছেন কারাবন্দিরা।

সোমবার রাজধানীর বিয়াম ফাউন্ডেশন মিলনায়তনে ঢাকা আহুছানিয়া মিশন, ইউএনওডিসি রসা ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদফতরের উদ্যোগে ৪ দিনব্যাপী এই কর্মশালা শুরু হয়েছে। এটি উদ্বোধন করেন স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ড. শেখ আবদুর রশিদ। আহুছানিয়া মিশনের সভাপতি কাজী রফিকুল আলমের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন ইউএনওডিসি বাংলাদেশের এইচআইভি উপদেষ্টা ডা. মোজাম্মেল হক, রসা ইউএনওডিসির কনসালট্যান্ট ডা. জয়দেভ সারাসি, আহুছানিয়া মিশনের পরিচালক (প্রোগ্রাম) শফিকুল ইসলাম প্রমুখ। কর্মশালায় পুলিশ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, কারা অধিদফতর এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদফতরের ২২ জন কর্মকর্তা অংশ নেন।

ড. শেখ আবদুর রশিদ বলেন, কারা কর্তৃপক্ষের উচিত বন্দিদের প্রতি আরো মনোযোগী হওয়া।

ডা. জয়দেভ সারাসি বলেন, বাংলাদেশের কারাগারগুলোতে সঠিক কোনো ব্যবস্থাপনা নেই। বাংলাদেশ এমনিতেই এইডস ঝুঁকির মধ্যে রয়েছে। তার ওপর কারাবন্দিদের মধ্যে এইডস ছড়িয়ে পড়লে তা দেশকে আরো বেশি ঝুঁকির মধ্যে ফেলবে।